গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৬০.১৪-৭১৮২

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩০ / ৩০ আগস্ট ২০২৩

বিষয়: 'জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩' নিজস্ব অর্থায়নে উদ্‌যাপনের বিষয়ে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখার স্মারক নং-৮২৫, তারিখ: ১৩/০৮/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বছর ১৪ সেপ্টেম্বর 'জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩' উদ্‌যাপিত হবে। 'জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩' উদ্‌যাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং দিবসটি যথাযথ গুরুত্ব ও মর্যাদার সাথে উদ্‌যাপনের লক্ষ্যে একটি গাইডলাইন তৈরী করা হয়েছে।

০২। এমতাবস্থায়, 'জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩' উদ্‌যাপনের লক্ষ্যে পৌরসভার রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত হারে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | স্থানীয় সরকার প্রতিষ্ঠান | সর্বোচ্চ ব্যয়ের পরিমাণ |
|---|---|---|
| ১. | "ক" শ্রেণীর পৌরসভা | ২৫,০০০/- |
| ২. | "খ" শ্রেণীর পৌরসভা | ২০,০০০/- |
| ৩. | "গ" শ্রেণীর পৌরসভা | ১৫,০০০/- |

সংযুক্তি: বর্ণনামতে।

৩০/৮/২৩

(ফারজানা মান্নান)
উপ সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
E-mail: lgpaura2@lgd.gov.bd

মেয়র/প্রশাসক (সকল)
.....................পৌরসভা
জেলা:.......................।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপসচিব, পৌর-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

## জাতীয় স্থানীয় সরকার দিবস উদ্‌যাপনের গাইডলাইন

বর্তমানে ৪,৫৭৭টি ইউনিয়ন পরিষদ, ৩২৯টি পৌরসভা, ৪৯৫টি উপজেলা পরিষদ, ৬১টি জেলা পরিষদ, ১২টি সিটি কর্পোরেশনসহ সর্বমোট ৫,৪৭৪টি স্থানীয় সরকার প্রতিষ্ঠান বিদ্যমান। এ সকল প্রতিষ্ঠানে প্রায় ৬৭,০০০ জনপ্রতিনিধি এবং ৫ লক্ষের অধিক জনবল জনগণকে সেবা প্রদান এবং জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে সম্পৃক্ত রয়েছেন। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে অধিকতর শক্তিশালী, কার্যকর এবং স্বাবলম্বীকরণে জনপ্রতিনিধি এবং জনগণের সম্পৃক্ততা বৃদ্ধি করা প্রয়োজন। এতে সেবা সহজীকরণের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছানো সহজতর হবে।

'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপনের মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোতে গণতান্ত্রিক চর্চা এবং অধিকতর জনমুখী হিসেবে গড়ে তোলা সম্ভব হবে। অধিকন্তু, জনসম্পৃক্ততার মাধ্যমে প্রাতিষ্ঠানিক এবং আর্থিকভাবে স্বনির্ভরতা অর্জনের পথ সুগম হবে। সার্বিকভাবে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদযাপনে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সঙ্গে তৃণমূল পর্যায়ের জনসাধারণের সম্পৃক্ততা আরও বৃদ্ধি পাবে।

২। জাতীয় স্থানীয় সরকার দিবস উদ্‌যাপনের তারিখ

প্রতিবছর ২৫ ফেব্রুয়ারি 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপিত হবে। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী এটি 'খ' শ্রেণির দিবস।

৩। প্রতিপাদ্য

জাতীয় স্থানীয় সরকার দিবস উদ্‌যাপনের উদ্দেশ্যাবলী বিবেচনা করে জাতীয় কমিটি প্রতিবছর একটি প্রতিপাদ্য নির্ধারণ করবে।

৪। জাতীয় স্থানীয় সরকার দিবস উদ্‌যাপনের উদ্দেশ্য

(১) জনমুখী স্থানীয় সরকার গড়ে তোলা
(২) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সঙ্গে জনসাধারণের সম্পৃক্ততা বৃদ্ধি
(৩) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের দায়িত্ব ও কার্যাবলি জনগণকে অবহিতকরণ
(৪) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে জনগণের সঙ্গে দায়বদ্ধকরণ
(৫) নাগরিক দায়িত্বের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করা
(৬) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি করা
(৭) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের দক্ষতা বৃদ্ধি করা
(৮) তৃণমূল জনসাধারণের সঙ্গে সরকারি প্রতিষ্ঠানের সম্পৃক্ততা বৃদ্ধি
(৯) সেবার মান উন্নত করা
(১০) রাজস্ব আয় বৃদ্ধিতে জনসম্পৃক্ততা স্থাপন
(১১) সরকারি সম্পদের দায়িত্বশীল ব্যবহার নিশ্চিতকরণ
(১২) জবাবদিহিতা নিশ্চিতকরণ
(১৩) সরকারের জনকল্যাণমূলক কর্মকান্ড তুলে ধরা
(১৪) অধিকতর জনকল্যাণ নিশ্চিতকরণ ইত্যাদি

৫। দিবস উদ্‌যাপনের পর্যায়

(১) জাতীয় পর্যায়ে/কেন্দ্রীয় পর্যায়ে
(২) স্থানীয় পর্যায়ে

জাতীয় পর্যায়

(৩) জাতীয় পর্যায়ে সকল অফিস/সংস্থা/প্রতিষ্ঠান নিজ নিজ কর্মসূচি (যদি থাকে) বাস্তবায়নসহ জাতীয়ভাবে গৃহীত সকল কর্মসূচিতে সক্রিয় অংশগ্রহণ করবে।

৬। জাতীয় কর্মসূচি

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১ | কেন্দ্রীয়ভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ/পুষ্পস্তবক অর্পণ | স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা |
| ২ | বর্ণাঢ্য র‍্যালি | |
| ৩ | আলোচনা সভা | |
| ৪ | উপকারভোগীদের সঙ্গে আলোচনা | |
| ৫ | রাজস্ব বৃদ্ধির উদ্যোগ/রাজস্ব বা কর মেলা | |
| ৬ | পোস্টার, ব্যানার, নিয়ন সাইন, আলোকসজ্জা ইত্যাদি দ্বারা স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে সজ্জিতকরণ | |
| ৭ | বিশেষ উন্নয়নমূলক কাজের মেলা | |
| ৮ | জনসম্পৃক্ততা বৃদ্ধির জন্য যেকোনো কর্মসূচি গ্রহণ | |
| ৯ | অংশীজন সমাবেশ | |
| ১০ | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রস্তুতি সংক্রান্ত সেমিনার | |
| ১১ | শ্রেষ্ঠ সেবার জন্য পুরস্কার প্রদান | |
| ১২ | সরকারের এবং স্থানীয় সরকার বিষয়ক অর্জনসমূহের প্রদর্শনী | |
| ১৩ | সেমিনার/উন্নয়ন ভাবনা/দিবসের গুরুত্ব বিষয়ক আলোচনা | |
| ১৪ | সাংস্কৃতিক অনুষ্ঠান | |
| ১৫ | লিফলেট/বিজ্ঞাপন/বেতার/টেলিভিশন/স্থানীয় চ্যানেলে প্রচার | |
| ১৬ | থিম সং | |
| ১৭ | প্রকাশনা ইত্যাদি | |

বর্ণিত কর্মসূচি হতে জাতীয় কমিটি সময়ে সময়ে কর্মসূচি গ্রহণ করবে।

৭। স্থানীয় পর্যায়ে কর্মসূচি

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১ | বর্ণাঢ্য র‍্যালি | সিটি কর্পোরেশন (সকল), জেলা পরিষদ (সকল), জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, পৌরসভা (সকল), ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২ | আলোচনা সভা | |
| ৩ | উপকারভোগীদের সঙ্গে আলোচনা | |
| ৪ | রাজস্ব বৃদ্ধির উদ্যোগ/রাজস্ব বা করমেলা | |
| ৫ | পোস্টার, ব্যানার, নিয়ন সাইন, আলোকসজ্জা ইত্যাদি দ্বারা স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে সজ্জিতকরণ | |
| ৬ | বিশেষ উন্নয়নমূলক কাজের মেলা | |
| ৭ | জনসম্পৃক্ততা বৃদ্ধির জন্য যেকোনো কর্মসূচি গ্রহণ | |
| ৮ | অংশীজন সমাবেশ | |
| ৯ | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রস্তুতি সংক্রান্ত সেমিনার | |
| ১০ | শ্রেষ্ঠ সেবার জন্য পুরস্কার প্রদান | |
| ১১ | সরকারের এবং স্থানীয় সরকার বিষয়ক অর্জনসমূহের প্রদর্শনী | |
| ১২ | সেমিনার/উন্নয়ন ভাবনা/দিবসের গুরুত্ব বিষয়ক আলোচনা | |
| ১৩ | সাংস্কৃতিক অনুষ্ঠান | |

| | | |
|---|---|---|
| ১৪ | লিফলেট/বিজ্ঞাপন/বেতার/টেলিভিশন/স্থানীয় চ্যানেলে প্রচার | |
| ১৫ | ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | |
| ১৬ | নৌকা বাইচের আয়োজন | |
| ১৭ | তাৎক্ষণিক সেবা প্রদান কর্মসূচি (যেমন- জন্ম নিবন্ধন, কর আদায়, লাইসেন্স প্রদান, ইত্যাদি) | |
| ১৮ | জনসম্পৃক্ততা সৃষ্টি হয় এরূপ যে কোন কর্মসূচি প্রভৃতি | |

জাতীয় কমিটি কর্তৃক প্রতিবছর গৃহীত কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে বর্ণিত কর্মসূচিসমূহের মধ্য থেকে কর্মসূচি গ্রহণ করা যেতে পারে।

৮। দিবস পালন সম্পর্কিত প্রতিষ্ঠান/সংস্থা

(ক) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ

(১) সিটি কর্পোরেশন
(২) জেলা পরিষদ
(৩) উপজেলা পরিষদ
(৪) পৌরসভা
(৫) ইউনিয়ন পরিষদ

(খ) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর সংস্থাসমূহ

(১) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
(২) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
(৩) জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট
(৪) ওয়াসাসমূহ
(৫) মশক নিবারণী দপ্তর।
(৬) অন্যান্য

৯। ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর/দক্ষিণ) জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণ এবং প্রয়োজনে নিজস্ব কর্মসূচি গ্রহণ করবে। অন্যান্য সিটি কর্পোরেশন স্থানীয় পর্যায়ের কর্মসূচিতে অংশগ্রহণসহ নিজস্ব কর্মসূচি গ্রহণ করতে পারবে। স্থানীয় সরকার বিভাগের অধীন সংস্থাসমূহ জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণ করবে। সকল সংস্থার বিভাগীয়, জেলা বা উপজেলা পর্যায়ের অফিস স্থানীয় পর্যায়ের কর্মসূচিতে অংশগ্রহণ করবে।

১০। দিবস উদ্‌যাপনের কমিটিসমূহ এবং কার্যপরিধি

(১) জাতীয় কমিটি

| | | |
|---|---|---|
| ১ | মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সভাপতি |
| ২ | মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| ৩ | সিটি কর্পোরেশনসমূহের মাননীয় মেয়রগণ | সদস্য |
| ৪ | সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৫ | মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ৬ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ৭ | অর্থ বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ৮ | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |

| | | |
|---|---|---|
| ৯ | প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ১০ | রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন অধিদপ্তর | সদস্য |
| ১১ | মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট | সদস্য |
| ১২ | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/ওয়াসাসমূহ | সদস্য |
| ১৩ | অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ১৪ | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | সদস্য |
| ১৫ | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা | সদস্য |
| ১৬ | অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

কার্যাবলি

(১) প্রতিবছরের প্রতিপাদ্য নির্ধারণ
(২) প্রতি বছরের কর্মসূচি প্রণয়ন
(৩) জাতীয় স্থানীয় সরকার দিবস পালন সংক্রান্ত অন্যান্য কার্যাবলি।

(২) প্রতিবছর গৃহীত কর্মসূচি বাস্তবায়নের জন্য সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগের নেতৃত্বে একটি বাস্তবায়ন কমিটি গঠন করতে হবে।

(৩) জেলা কমিটি

| | | |
|---|---|---|
| ১ | জেলা প্রশাসক | আহ্বায়ক |
| ২ | সুপারইনটেনডেন্ট অব পুলিশ (এসপি) | সদস্য |
| ৩ | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | সদস্য |
| ৪ | পৌরসভার মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা (জেলা সদরের) | সদস্য |
| ৫ | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৬ | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | সদস্য |
| ৭ | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৮ | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৯ | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১০ | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন বীর মুক্তিযোদ্ধা | সদস্য |
| ১১ | উপপরিচালক, স্থানীয় সরকার | সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

কার্যাবলিঃ

(১) কেন্দ্রীয় কর্মসূচির আওতায় স্থানীয় পর্যায়ে কর্মসূচি প্রণয়ন
(২) বিভিন্ন সংস্থার কর্মসূচীর মধ্যে সমন্বয় সাধন

(৪) উপজেলা কমিটি

| | | |
|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | আহ্বায়ক |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার | সদস্য-সচিব |
| ৩ | মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা, পৌরসভা | সদস্য |
| ৪ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৫ | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৬ | উপজেলা প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |

| | | |
|---|---|---|
| ৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৮ | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৯ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ১০ | উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত একজন বীর মুক্তিযোদ্ধা | সদস্য |
| ১১ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) | সদস্য |

কমিটি প্রয়োজনে একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

কার্যাবলিঃ

কেন্দ্রীয় ও জেলা কমিটি কর্তৃক প্রণীত কর্মসূচির আলোকে স্থানীয় পর্যায়ে কর্মসূচি নির্ধারণ।

(৫) ইউনিয়ন কমিটি

| | | |
|---|---|---|
| ১ | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ | আহ্বায়ক |
| ২ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য (সকল) | সদস্য |
| ৩ | ইউনিয়ন পরিষদের সাধারণ সদস্য (সকল) | সদস্য |
| ৪ | ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা | সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে স্থানীয় গণ্যমান্য এক বা একাধিক ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

কার্যাবলীঃ

জাতীয় কর্মসূচি এবং উপজেলা পর্যায়ের কর্মসূচির আলোকে স্থানীয় পর্যায়ে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন।

১১। ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণসহ নিজস্ব কর্মসূচি গ্রহণ করবে। অন্যান্য সিটি কর্পোরেশন জাতীয় কর্মসূচির আলোকে এবং স্থানীয় কর্মসূচির সাথে সমন্বয় করে নিজস্ব কর্মসূচি গ্রহণ করবে। সিটি কর্পোরেশনসমূহ 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপনের জন্য কমিটি গঠন করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করবে।

১২। আর্থিক সংস্থানঃ

(১) সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপনের জন্য প্রতি অর্থবছরে যৌক্তিক পরিমাণ অর্থের সংস্থান রাখবে।

(২) সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহ নিজস্ব অর্থায়নে জাতীয় স্থানীয় সরকার দিবস উদ্‌যাপন করবে।

(৩) স্থানীয় সরকারের অধীন সংস্থাসমূহ জাতীয় স্থানীয় সরকার দিবস উদ্‌যাপনের জন্য আর্থিক কোড সৃষ্টিসহ বাজেটে অর্থের সংস্থান রাখবে।

৯।৮।২০২৩

মুহম্মদ ইব্রাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং- ৪৬.০০.০০০০.০১৭.২৩.০০১.২২ (অংশ-১)- ৮৫৫

তারিখ: ৯ ভাদ্র ১৪৩০ / ২৪ আগস্ট ২০২৩

বিষয়: 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে, 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ২১/৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ২ (দুই) পাতা।

২৪.০৮.২৩

(জেসমীন প্রধান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Email :lgup1@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
২। বিভাগীয় কমিশনার (সকল)।
৩। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। জেলা প্রশাসক (সকল)।
৫। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৭। সিনিয়র সহকারী সচিব (সকল)/সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৯। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৩। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম মৃত্যু নিবন্ধন।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/চট্টগ্রাম/গাজীপুর/সিলেট/খুলনা/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)।

অনুলিপি:

১। মাননীয় মেয়র, সিটি কর্পোরেশন (সকল)।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

বিষয়: 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ তাজুল ইসলাম এমপি
মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সভার তারিখ : ২১/০৮/২০২৩
সময় : দুপুর ২:০০ টা

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতাসহ সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করেন। এরপর ২১ আগস্ট ভয়াবহ গ্রেনেড হামলায় নিহতদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়।

২। সভাপতির অনুমতিক্রমে সচিব, স্থানীয় সরকার বিভাগ জানান যে, ৫ সেপ্টেম্বর 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হলেও অনিবার্য কারণে তা ১৪ সেপ্টেম্বর উদ্‌যাপিত হবে। তিনি আরো জানান যে, দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধি তথা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রগণ, ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণ, জেলা পরিষদের চেয়ারম্যান এবং সদস্যবৃন্দ, উপজেলা পরিষদের চেয়ারম্যানবৃন্দ, পৌরসভার মেয়রগণ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে গণভবনে আয়োজিত অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো যেতে পারে। এ পর্যায়ে তিনি অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগকে দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে গঠিত কমিটি কার্যক্রম এবং অগ্রগতি তুলে ধরার জন্য অনুরোধ করেন।

৩। অতিরিক্ত সচিব জানান যে, 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় ও স্থানীয় পর্যায়ের গৃহীত কর্মসূচি, প্রণীত গাইডলাইন ইত:পূর্বে সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হয়েছে। সার্বিক সহযোগিতা এবং সক্রিয় অংশগ্রহণের লক্ষ্যে প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ব্যবস্থাপনা পরিচালক, ওয়াসাসমূহ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। তিনি সভাকে আরো অবহিত করেন যে, জেলা ও স্থানীয় পর্যায়ে এবং অন্যান্য সিটি কর্পোরেশনসমূহকে অবিলম্বে কর্মসূচি গ্রহণপূর্বক ২০/৮/২০২৩ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্টতা থাকায় এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করায় মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এবং প্রণীত গাইডলাইন সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সকল মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।

| | |
|---|---|
| ৫ | সিটি কর্পোরেশনসমূহ ও ওয়াসাসমূহ অবস্থানভেদে কেন্দ্রীয় এবং স্থানীয় পর্যায়ের কর্মসূচির সাথে সমন্বয় করে নিজ নিজ কর্মসূচি গ্রহণ করবে। |
| ৬ | ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন ১৪ সেপ্টেম্বর দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকা শহরের প্রধান সড়কসমূহ ফেস্টুন, ব্যানারের মাধ্যমে সুসজ্জিত করবে। এই দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে বিশেষ পরিচ্ছন্নতা অভিযান ও মশক নিধনের কর্মসূচি গ্রহণ করবে। এলইডি ও ডিজিটাল ব্যানারের মাধ্যমে এ দিবসের প্রতিপাদ্য এবং নির্মিত ভিডিও ডকুমেন্টারী প্রচারের ব্যবস্থা করবে। |
| ৭ | জনপ্রতিনিধি হিসেবে সিটি কর্পোরেশনসমূহের মাননীয় মেয়রগণ এবং ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণ, জেলা পরিষদের চেয়ারম্যান এবং সদস্যবৃন্দ, উপজেলা পরিষদের চেয়ারম্যানগণ, পৌরসভার মেয়রগণ এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে জাতীয় কর্মসূচিতে আমন্ত্রণ জানানো যেতে পারে। |
| ৮ | সংশ্লিষ্ট কমিটি সম্ভাব্য আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রণয়ন করবে। |
| ৯ | জেলা প্রশাসন স্থানীয় পর্যায়ের আমন্ত্রিত জনপ্রতিনিধিগণকে আমন্ত্রণপত্র বিতরণ এবং ঢাকায় প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করবে। |
| ১০ | ক্রোড়পত্র প্রণয়ন, পুস্তিকা প্রকাশ এবং ডকুমেন্টারি তৈরির বিষয়ে সংশ্লিষ্ট কমিটিসমূহ উপস্থাপনীয় তথ্যের সামঞ্জস্যতা বিধানের জন্য নিজেদের মধ্যে সমন্বয় সাধন করবে। |
| ১১ | বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) এবং অন্যান্য টেলিভিশন চ্যানেলে সুবিধাজনক সময়ে প্রচারের জন্য একটি আলোচনা অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে। |
| ১২ | পরিবর্তিত কর্মসূচি সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে অবহিত করতে হবে। |
| ১৩ | মাঠ পর্যায়ে কর্মসূচি প্রেরণ করতে হবে। |
| ১৪ | আমন্ত্রণপত্র বিতরণের তালিকা প্রণয়ণ করতে হবে। |

৭। সভাপতি আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

মোঃ তাজুল ইসলাম এমপি

মন্ত্রী

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়